রোববার সংসদে উঠছে নির্বাচন কমিশন নিয়োগ আইন

চেম্বার ডেস্ক:: নির্বাচন কমিশন (ইসি) গঠনের জন্য আইন প্রণয়নে ‘প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ আইন, ২০২২’
- এর খসড়া সংসদে চলতি সপ্তাহের প্রথম কার্যদিবসেই উঠছে।

আইনমন্ত্রী আনিসুল হক আইনটি রোববার সংসদে তুলে সেটি পরীক্ষার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানোর প্রস্তাব করবেন।
রোববারের সংসদের কার্যতসূচি থেকে এ তথ্য জানা গেছে। শনিবার এই সূচিটি প্রকাশ করেছে সংসদ সচিবালয়। সংবিধানের ১১৮ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচন কমিশনার নিয়োগের জন্য বিলটি আনা হচ্ছে।

কেএম নূরুল হুদা নেতৃত্বাধীন বর্তমান ইসির মেয়াদ শেষ হবে আগামী ১৪ ফেব্রুয়ারি। তার আগেই নতুন ইসি নিয়োগ দিতে হবে রাষ্ট্রপতিকে। সেজন্য গত দুইবারের মতো এবারও তিনি রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের আয়োজন করেন।

নতুন ইসি গঠন প্রক্রিয়ার অংশ হিসাবে গত ২০ ডিসেম্বর থেকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ শুরু করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। ১৭ জানুয়ারি ক্ষমতাসীন আওয়ামী লীগের সঙ্গে বৈঠকের মধ্য দিয়ে এই সংলাপের ইতি টানেন তিনি।

সংলাপে অংশ নেওয়া প্রায় সবকটি রাজনৈতিক দলই ইসি গঠনে সংবিধানের নির্দেশনার আলোকে আইন এবং বিধিবিধান প্রণয়নের দাবি জানান শেষ দিনে একই দাবি জানায় আওয়ামী লীগও।

একই দিন অর্থাৎ ১৭ জানুয়ারি রাষ্ট্রপতির নির্দেশে অনুসন্ধান কমিটি গঠনের সুযোগ রেখে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এবং নির্বাচন কমিশনার (ইসি) নিয়োগ আইনের খসড়ার চূড়ান্ত অনুমোদন দেয় সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ প্রস্তাব অনুমোদন পায়।